



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
হিসাব ও অর্থ বিভাগ  
১৬, আবদুল গনি রোড, ঢাকা।  
Web : www.dgfood.gov.bd

তারিখ : ১০/২০২২ খ্রি:

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৪৮৪.১৮.

বিষয় : প্রাতিষ্ঠানিক খাতে অর্থ বরাদ্দ।


সূত্র : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শৈলকুপা, ঝিনাইদহ এর স্মারক নং-২৭২ তারিখ : ০১/০৯/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন সাধারণ কার্যক্রমের অন্তর্ভুক্ত প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড নং- ১৪৮০২০৭-০০০০০০ এর নিম্নবর্ণিত অর্থনৈতিক কোড ও খাতের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২২-২০২৩ অর্থ বৎসরের জন্য নির্দেশক্রমে আপনার অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ হতে গত অর্থ বছরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধযোগ্য।

কোড নং	খাতের নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
৩২৪৪১০১	ভ্রমণ ব্যয়	২৪,৫০০ (চব্বিশ হাজার পাঁচশত) টাকা
	মোট=	২৪,৫০০ (চব্বিশ হাজার পাঁচশত) টাকা মাত্র

উল্লেখ্য, অর্থ মন্ত্রণালয় হতে গত দুই অর্থ বছরে শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় ভ্রমণ ব্যয়ের কথা বলা হয়েছে এবং একইসাথে সকল রুটিন ভ্রমণ পরিহার করতে নির্দেশনা দেওয়া হয়েছিল। আপনার প্রেরিত চাহিদাপত্রের সাথে সংযুক্ত প্রমাণকে উল্লেখিত জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, নিরাপত্তা প্রহরী এর প্রতিমাসে গড়ে প্রায় ১২ থেকে ১৪ দিন কেন ভ্রমণ করা প্রয়োজন ছিল তার যথাযথ যৌক্তিকতাসহ তথ্য জানা প্রয়োজন। এমতাবস্থায়, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, নিরাপত্তা প্রহরী এর প্রতিমাসে গড়ে প্রায় ১২ হতে ১৪ দিন কেন ও কি কারণে ভ্রমণ করা জরুরি ও অপরিহার্য ছিল তার যথাযথ যৌক্তিক ব্যাখ্যা ও জেলা খাদ্য নিয়ন্ত্রকের মতামতসহ পুনঃ চাহিদা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে বরাদ্দকৃত অর্থ দ্বারা জনাব সাইদুজ্জামান, সহকারী উপ খাদ্য পরিদর্শক এর মোংলা বন্দরে জাহাজ খালাসের ভ্রমণ ব্যয় সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করে নির্বাহের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

  
২৬/১০/২০২২

(মোঃ শেখ আসাদুজ্জামান)

সহকারী উপপরিচালক

ই-মেইল adbudget@dgfood.gov.bd

  
২৬/১০/২০২২

ভারপ্রাপ্ত কর্মকর্তা, শৈলকুপা এলএসডি, শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৪৮৪.১৮. ৮৭৬/৩

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শৈলকুপা, ঝিনাইদহ।

২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।

৩। উপখাদ্য পরিদর্শক, মজুদ, বিক্রয় ও ক্যাশ শাখা, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বরাদ্দপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।

৪। অফিস কপি।

তারিখ : ২৬/১০/২০২২ খ্রি:

  
২৬/১০/২০২২

(মোঃ শেখ আসাদুজ্জামান)

সহকারী উপপরিচালক

  
২৬/১০/২০২২